যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।
ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬(অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২০২২. ২০৬০

তারিখঃ ৩০ কার্তিক' ১৪২৯ বাং
১৫ নভেম্বর' ২০২২ খ্রিঃ

## " আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত শূণ্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়্যারিং পরিদর্শক পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## পদের নামঃ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর।

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পার্সপোর্ট সাইজের ০২(দুই)কপি সত্যায়িত ছবি, বিগত ০৩(তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদন, হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স (প্লাস্টিক কার্ড) এর সত্যায়িত ফটোকপি, বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে), বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ সংক্রান্ত পত্রের ফটোকপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/ এজিএম(এইচআর)/ প্রশাসন কর্তৃক প্রদত্ত বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নেই মর্মে প্রত্যয়নপত্র, বিনা আপত্তির সনদপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও আবেদনপত্রসহ আগামী ২৬/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, মনিরামপুর, যশোর-এ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হল।

**শর্তাবলীঃ**

০১। প্রার্থীর ন্যূনতম ১০(দশ) বছর ওয়্যারিং পরিদর্শক হিসেবে কাজের অভিজ্ঞতা অথবা ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ডিগ্রীসহ ওয়্যারিং পরিদর্শক হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

০২। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৩। হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স (প্লাস্টিক কার্ড) থাকতে হবে।

০৪। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৫। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় (যশোর জেলার মনিরামপুর, কেশবপুর, অভয়নগর, খুলনা জেলার ফুলতলা উপজেলা এবং নড়াইল জেলা) বসবাসকারী/বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং সর্বশেষ ০৩ বছরে কমপক্ষে ৩.৫০ থাকতে হবে।

০৭। শৃঙ্খলাজনিত কারণে শাস্তি ভোগ করেছেন যেমনঃ সর্বশেষ ৩ বছরে গুরুদন্ড প্রাপ্ত, সর্বশেষ ১ বছরে কোন লঘুদন্ড প্রাপ্ত, বিগত ৫ বছরে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত, বিগত ৪ (চার) বছরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত, বিগত ০৩ (তিন) বছরে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত, বর্তমানে বিভাগীয় / ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

চলমান পাতা-০২

০৮। আবেনদকারী প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, সর্বশেষ ৩ বছরে কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ১ বছরে কোন লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ৫ বছরে একের অধিক গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ৪ বছরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বছরে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। এছাড়াও উক্ত প্রত্যয়নপত্রে বিগত ৫ বছরে যে কোন প্রকার শাস্তি প্রদান করা হয়ে থাকলে তাও উল্লেখ করতে হবে।

০৯। যদি কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন এবং পরবর্তীতে তা প্রমাণিত হয় তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যূত করা হবে।

১০। যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১১। পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৫/১১/২২

( প্রকৌঃ মনোহর কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

০১. নির্বাহী পরিচালক, বাপবিবো,ঢাকা।
০২. পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস ব্যঃপঃ(পঃঅঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩. পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪. একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো,ঢাকা।
০৫. একান্ত সচিব(সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৬. জেলা প্রশাসক, যশোর/নড়াইল।
০৭. পুলিশ সুপার, যশোর/নড়াইল।
০৮. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪
০৯. ডিজিএম,সদর-কারিগরী/নওয়াপাড়া/নড়াইল/কেশবপুর/কালিয়া/লক্ষীপাশা, জোনাল অফিস,যশোর পবিস-২
১০. এজিএম(ওএন্ডএম),রাজগঞ্জ/সাগরদাঁড়ী/সিংগাড়ী সাব জোনাল অফিস, যশোর পবিস-২।
১১. এজিএম ( প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/আইটি ), যশোর পবিস-২।
১২. জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার ( আইটি ), যশোর পবিস-২।
১৩. নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www. pbs2.jessore.gov.bd,যশোর পবিস-২।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২৫/১১/২২

( ফজলুল আনোয়ার )
এজিএম ( এইচ আর ) অঃ দাঃ